# মোহাম্মদপুরে ছিনতাই: দুদক মহাপরিচালকের আইফোন উদ্ধার, গ্রেপ্তার ২



গ্রেপ্তার ২ ছিনতাইকারী। ছবি: সংগৃহীত

রাজধানীর মোহাম্মদপুর এলাকায় ছিনতাইয়ের শিকার হওয়া দুর্নীতি দমন কমিশন (দুদক)-এর মহাপরিচালক (অনুসন্ধান ও তদন্ত-২) মো. মোতাহার হোসেন-এর দুটি আইফোন উদ্ধার করেছে পুলিশ। একই ঘটনায় দুই ছিনতাইকারীকে গ্রেপ্তার করা হয়েছে।

পুলিশ জানায়, শনিবার রাত সাড়ে দশটার দিকে শহীদ ফারহান ফাইয়াজ চত্বর এলাকায় ছিনতাইয়ের ঘটনা ঘটে। পরে রোববার (৮ মার্চ) রাত সাড়ে এগারোটার দিকে অভিযান চালিয়ে মোহাম্মদপুর থানা পুলিশ ছিনতাইকৃত দুটি ফোন উদ্ধার করে।

ঘটনার সময় তারাবির নামাজ শেষে রেসিডেন্সিয়াল মডেল কলেজ সংলগ্ন এলাকায় হাঁটছিলেন মোতাহার হোসেন। এ সময় তিনজন ছিনতাইকারী তার পথরোধ করে আইফোন, মানিব্যাগ ও হাতঘড়ি ছিনিয়ে নেয়। ফোনের পাসওয়ার্ড আদায়ের জন্য হামলাকারীরা তাকে মারধর করে; সামুরাইয়ের উল্টো দিক দিয়ে আঘাত এবং বাম চোখে ঘুষি মারায় তিনি আহত হন। একপর্যায়ে বাধ্য হয়ে পাসওয়ার্ড দিলে তারা অটোরিকশায় পালিয়ে যায়।

LENS ASIA

এ ঘটনায় রোববার মোহাম্মদপুর থানায় মামলা করেন দুদকের ডিএডি ও স্টাফ অফিসার জাবেদ হোসেন সজল। এজাহারে উল্লেখ করা হয়, চাপাতি ও সামুরাই দেখিয়ে ভয়ভীতি প্রদর্শনের মাধ্যমে একটি আইফোন ১২ প্রো ম্যাক্স, নগদ ২০ হাজার টাকা থাকা মানিব্যাগ এবং একটি হাতঘড়ি ছিনিয়ে নেওয়া হয়। পাসওয়ার্ড জানতে চেয়ে প্রাণনাশের হুমকিও দেওয়া হয়েছিল।

প্রশাসন ক্যাডারের কর্মকর্তা মোতাহার হোসেন এর আগে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়-এ যুগ্ম সচিব হিসেবে কর্মরত ছিলেন। ২০২৪ সালের ১৭ মার্চ তিনি দুদকের মহাপরিচালক পদে দায়িত্ব নেন।